23

দৈনিক ইত্তেফাক

তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র ... ঢাকা

তারিখ 21 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 2

128

## নকল সরবরাহকারী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হইবে
### —শিক্ষামন্ত্রী

বাসস জানায়, এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গত ৩ দিনে দেশব্যাপী বিভিন্ন (শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী
( ১ম পৃঃ পর )

পরীক্ষা কেন্দ্র হইতে ৮ হাজার ৬ শতের অধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ইহার মধ্যে গতকাল (সোমবার) অঙ্ক পরীক্ষার দিন প্রায় ২৫০০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল আলাপকালে বলেন, দেশের ৪টি শিক্ষা বোর্ডের পরীক্ষাকেন্দ্রগুলিতে কড়া নজরদারীর কারণে এবার গত বছরের বহিষ্কারের সংখ্যা ছাড়াইয়া গিয়াছে। শেখ শহীদ পরীক্ষার প্রথম ২ দিন ঢাকা, সাভার, ধামরাই ও সিলেটের কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে বলেন, যথাযথভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য অভিভাবকরাও কর্তৃপক্ষের প্রতি সহযোগিতা প্রদান করিয়াছেন।

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, যে সকল শিক্ষক পরীক্ষার বিধি লংঘন ও ছাত্রদের নকলে সহযোগিতা করিতেছে তাহাদের ব্যাপারে কর্তৃপক্ষ ব্যবস্থা নিতেছে।